১৪ অক্টোবর, ২০২৫

# ফ্রান্সকে রুখে দিয়ে বিশ্বকাপের আশা বাচিয়ে রাখলো আইসল্যান্ড



সংগৃহীত ছবি

বিশ্বকাপ বাছাই পর্বে শক্তিশালী ফ্রান্সকে রুখে দিয়ে বিশ্বকাপের আশা বাঁচিয়ে রাখল আইসল্যান্ড। রোমাঞ্চকর এক ম্যাচে রেইকাভিকে সোমবার রাতে ২–২ গোলের ড্র নিয়ে মাঠ ছাড়ে তারা।

ম্যাচের শুরু থেকেই ফ্রান্সের তারকা খেলোয়াড় কিলিয়ান এমবাপ্পে ও তার সতীর্থরা আক্রমণ সাজালেও গোলের দেখা পাননি। বরং প্রথমার্ধেই চমক দেখায় স্বাগতিক আইসল্যান্ড। ২৩তম মিনিটে ভিক্টর প্যালসন গোল করে দলকে এগিয়ে দেন ১–০ ব্যবধানে।

তবে বিরতির পরই ঘুরে দাঁড়ায় ফ্রান্স। ম্যাচের ৫৭তম মিনিটে ক্রিস্টোফার এনকুনকুর দারুণ এক শটে সমতায় ফেরে ‘লে ব্লুজ’রা। এরপর ৭৪তম মিনিটে জ্যঁ-ফিলিপ মাতেতা গোল করে ফ্রান্সকে ২–১ ব্যবধানে এগিয়ে নেন।

কিন্তু শেষ মুহূর্তে নাটকীয়তা তৈরি করে আইসল্যান্ড। ৮৮তম মিনিটে তরুণ মিডফিল্ডার ক্রিস্টিয়ান হ্লিনসন গোল করে সমতা ফেরান। ফলে ম্যাচ শেষ হয় ২–২ সমতায়।

এই ড্রয়ের ফলে ফ্রান্স ১০ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান করলেও এখন কঠিন চ্যালেঞ্জের মুখে পড়েছে। আগামী ম্যাচে তাদের মোকাবিলা করতে হবে ইউক্রেনের বিপক্ষে, যা গ্রুপে অবস্থান নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অন্যদিকে ৭ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে ইউক্রেন, আর ৪ পয়েন্ট নিয়ে তৃতীয় অবস্থানে আইসল্যান্ড।

এর আগে গত ৯ সেপ্টেম্বর প্যারিসে প্রথম লেগে এমবাপ্পে ও বারকোলার গোলে আইসল্যান্ডকে ২–১ গোলে হারিয়েছিল ফ্রান্স।

LENS ASIA